**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) পেট্রোল এবং ডিজেলের যোগান রাজ্যের পাম্পগুলোতে আগামীকালের মধ্যে স্বাভাবিক হয়ে যাবে।**

**(২) লোকসভা নির্বাচনে আগামীকাল চতুর্থ দফায় ৯৬টি আসনে ভোটগ্রহন করা হবে ।**

**(৩) সারা রাজ্যে নানা সেবামূলক কর্মসূচির মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক সেবিকা দিবস পালিত ।**

**(৪) রাজ্যভিত্তিক মহিলা দাবা প্রতিযোগিতায় সেরা নির্বাচিত হলো আন্তর্জাতিক দাবাড়ু আর্শিয়া দাস।**

*********************************************

**Petrol-Diesel:**

পেট্রোল এবং ডিজেলের যোগান রাজ্যের পাম্পগুলোতে আগামীকালের মধ্যে স্বাভাবিক হয়ে যাবে। ভারতীয় তেল নিগমের ধর্মনগর ডিপো থেকে গতকাল রাতে কয়েকটি পাম্পে জরুরি ভিত্তিতে তেল পাঠানো হয়েছিল। আজ সকাল থেকে সারা রাজ্যের পাম্পগুলোতে তেল পাঠানো হচ্ছে। ইতিমধ্যে প্রায় ৫০টি লরি তেল নিয়ে গন্তব্যের পথে রওনা হয়েছে। আমাদের উত্তর জেলার সংবাদ প্রতিনিধি জানাচ্ছেন, ধর্মনগর ডিপোতে এত পরিমান পেট্রোল এসেছে যা ধারণ করার মতো ক্ষমতা ধর্মনগর ডিপোর নেই। তাই তেলবাহী রেল ওয়াগনগুলো খালি করার জন্য যুদ্ধকালীন তৎপরতায় সারা রাজ্যে বিশেষত পেট্রল পাঠানোর কাজ দ্রুতগতিতে চলছে।

********************

**Election:**

লোকসভা নির্বাচনের আগামীকালের চতুর্থ দফার ভোটগ্রহনের সমস্ত প্রস্তুতি চূড়ান্ত। নয়টি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চলে ৯৬টি লোকসভা আসনে ভোট নেওয়া হবে এই পর্বে। এর মধ্যে  অন্ধ্রপ্রদেশের 25টি, তেলেঙ্গানায় 17টি, উত্তর প্রদেশের 13টি, মহারাষ্ট্রে 11টি, মধ্যপ্রদেশ ও পশ্চিমবঙ্গে আটটি করে আসন, বিহারে 5টি , ঝাড়খন্ড ও ওড়িশায় চারটি করে আসন এবং জম্মু ও কাশ্মীরের একটি আসন রয়েছে। চতুর্থ দফায় মোট 1,717 জন প্রার্থী  রয়েছেন।

এদিকে, অন্ধ্রপ্রদেশের বিধানসভা নির্বাচনে ১৭৫টি আসনের সবকটিতেই এবং ওড়িশ্যা বিধানসভা নির্বাচনে ১৪৭টি আসনের মধ্যে ২৮টি আসনে আগামীকাল ভোটগ্রহণ করা হবে।

********************

**PM:**

বিজেপি প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন পূর্বতন কংগ্রেস সরকারের তুলনায় বর্তমানে তপশিলী উপজাতিদের জন্য বিভিন্ন পর্যায়ে বাজেট বৃদ্ধি পেয়েছে। তপশিলী উপজাতি ছাত্রছাত্রীদের জন্য বৃত্তি প্রদানের ব্যবস্থা করা হয়েছে। পশ্চিমবঙ্গের হুগলি জেলায় এক নির্বাচনী জনসভায় তিনি একথা বলেন।

********************

**BJP PRESS MEET:**

রাজ্যে বর্তমানে বহুমুখী সংকট চলছে বলে সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী যে অভিযোগ করেছেন, তা ভিত্তিহীন বলে দাবী করল বিজেপি। আজ প্রদেশ কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বিজেপি’র মুখ্য মুখপাত্র সুব্রত চক্রবর্তী বলেন, বর্তমানে ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে রাজ্য চলছে। তিনি বলেন পিছিয়ে পড়া মানুষদের সমাজের

মূল স্তরে নিয়ে আসার জন্য চেষ্টা করে যাচ্ছে বর্তমান সরকার। ম্যালেরিয়া নিয়ে বামেরা বিভ্রান্তি ছড়াচ্ছে বলেও শ্রী চক্রবর্তী অভিযোগ করেন। এই সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দলের সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা ও মিডিয়া ইনচার্জ সুনীত সরকার।

********************

**Asish Km. Saha press meet:**

ত্রিপুরা প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা আজ অভিযোগ করেন, রাজ্যে আইন শৃঙ্খলা ভেঙে পড়েছে। রাজ্যে জ্বালানি তেলের সংকট চলছে এবং জিনিসপত্রের দাম উর্ধমুখী বলে তিনি জানান। আজ উদয়পুরে জেলা কংগ্রেস ভবনে এক সাংবাদিক সম্মেলনে তিনি এই কথাগুলি বলেন । তিনি এর আগে উদয়পুরে দলীয় কর্মীদের সাথে এক বৈঠকে মিলিত হন।

********************

**Leader of opposition:**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ সাব্রুম বিধানসভার পূর্ব লুধুয়া বাগান পাড়া ও বেতাগা এডিসি ভিলেজের সাধুপাড়ায় সম্প্রতি ঝড়তুফানে ক্ষতিগ্রস্ত মানুষের বাড়িঘরগুলি পরিদর্শন করেন। তিনি ক্ষতিগ্রস্ত পরিবারগুলির মানুষের সঙ্গে কথা বলে প্রশাসনিক সাহায্য সহযোগিতার বিষয়েও খোঁজখবর নেন। পরিদর্শনকালে সিপিআইএম-এর সাব্রুম মহকুমা নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

********************

**Power Meeting:**

প্রাক বর্ষা জনিত পরিস্থিতি মোকাবিলায় আজ বিদ্যুৎ সচিব অভিষেক সিং ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড, ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেড এবং ত্রিপুরা পাওয়ার জেনারেশন লিমিটেড এর সমস্ত আধিকারিক এবং প্রকৌশলীদের নিয়ে বৈঠক করেন। আগরতলার প্রজ্ঞাভবনে এই বৈঠক

অনুষ্ঠিত হয়। বৈঠকে বিদ্যুৎ দপ্তরের অধীনস্থ এই তিনটি নিগমের বর্তমান অবস্থা নিয়ে পর্যালোচনা করেন তিনি।

*******************

**International Nurses Day-1:**

সারা রাজ্যে নানা সেবামূলক কর্মসূচির মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক সেবিকা দিবস পালন করা হয়। এই উপলক্ষে আগরতলা গভমেন্ট নার্সিং কলেজের উদ্যোগে আইজিএম হাসপাতালে কলেজের অডিটোরিয়ামে ফ্লোরেন্স নাইটঙ্গেলের ২০৪ তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়। অনুষ্ঠিত হয় এক স্বাস্থ্য শিবির। অনুষ্ঠানের সূচনা করেন আগরতলা গভমেন্ট নার্সিং কলেজের অধ্যক্ষা ডঃ মৈত্রী চৌধুরী।

এদিকে, আগরতলা গভমেন্ট মেডিকেল কলেজ ও জিবি হাসপাতালে নার্সিং কাউন্সিলের কর্মীদের উদ্যোগে বৃক্ষরোপণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিকর্তা ডক্টর সঞ্জীব দেববর্মা সহ অন্যান্যরা।

হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার নার্সিং ইনস্টিটিউট এর উদ্যোগেও ইন্দ্রনগর প্রতিষ্ঠানের কার্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচির মধ্য দিয়ে দিনটি পালন করা হয়। এছাড়া টিজিটি এ নার্সিং স্টাফ লোকাল কমিটির উদ্যোগে সূর্য চৌমুহনী কেন্দ্রীয় কার্যালয়ে মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে অবসরপ্রাপ্ত নার্সদের সম্বর্ধনা জ্ঞাপন করা হয়।

*******************

**International Nurses Day-2:**

ফ্লোরেন্স নাইটেঙ্গেলের জন্মদিন উপলক্ষে ধর্মনগর ব্লাড ডোনার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে আজ রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। এই উপলক্ষ্যে ধর্মনগরের বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে আয়োজিত অনুষ্ঠানের সূচনা করেন উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী। রক্তদান উৎসবে মোট ৩০ জন রক্ত দান করেন।

********************

**International Nurses Day -Sepahijala-3:**

বিভিন্ন কর্মসূচির মাধ্যমে সিপাহীজলা জেলার প্রতিটি হাসপাতালে পালিত হয়েছে আন্তর্জাতিক সেবিকা দিবস। এই উপলক্ষে আজ বিশালগড় মহকুমা হাসপাতালে আয়োজিত হয় রক্তদান কর্মসূচি। হাসপাতালের কর্মরত নার্স, ডাক্তার সহ বিভিন্ন সংগঠনের মোট ২১ জন রক্তদান করেন। দিনটির তাৎপর্য ব্যখ্যা করেন বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডক্টর জে.এম দাস।

********************

**International Nurses Day -South-4:**

আন্তর্জাতিক সেবিকা দিবস উপলক্ষে আজ বিলোনিয়া মহকুমা হাসপাতালে কর্মরতা ২৮ জন সেবিকাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয় এক অনুষ্ঠানের মাধ্যমে। অনুষ্ঠানে মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা: বিমল কলই সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এদিকে, শান্তিরবাজারের দক্ষিণ জেলা হাসপাতালে ফ্লোরেন্স নাইটিঙ্গেলের ২০৫ তম জন্মদিন পালন করা হয়। জেলা হাসপাতালের চিকিৎসক ডা: সুতীর্থ দাশগুপ্ত প্রমুখ উপস্থিত ছিলেন অনুষ্ঠানে।

********************

**International Nurses Day- Unakoti-5:**

কৈলাশহরস্থিত ঊনকোটি জেলা হাসপাতালে আজ উদযাপিত হয় আন্তর্জাতিক নার্সেস দিবস। এই উপলক্ষে হাসাপাতালের কনফারেন্স হলে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন, চিকিৎসক ডাঃ রোহন পাল।

এখানে দিবসটির গুরুত্ব ও তাৎপর্য এবং ফ্লোরান্স নাইটেঙ্গেলের জীবন ও কর্মধারা নিয়ে আলোকপাত করেন, নার্সিং সুপারিনটেনডেন্ট সুতপা দেবনাথ, স্টাফ নার্স গৌরী দেব ধর প্রমুখ। উল্লেখ্য যে, এবছর

আন্তর্জাতিক নার্সেস দিবসের ভাবনা বা থিম হচ্ছে- "আমাদের নার্স, আমাদের ভবিষ্যৎ, যত্নের অর্থনৈতিক ক্ষমতা"।

********************

**International Nurses Day-6:**

গোমতি জেলাতেও আজ আন্তর্জাতিক সেবিকা দিবস পালিত হয়। উদয়পুর ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতালে অনুষ্ঠিত হয় এক আলোচনা সভা। আলোচনা সভায় চিকিৎসকরা দিনটির তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন।

********************

**Blood donation camp:**

রাজধানীর বনমালীপুরস্থিত রামঠাকুর সেবা মন্দিরের উদ্যোগে চতুর্থ মোহন্ত মহারাজ ভবতোষ বন্দ্যোপাধ্যায়ের মহা প্রয়ান দিবস উদযাপন উপলক্ষ্যে আজ এক স্বেচ্ছা রক্ত দান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে মোট ২৩ জন স্বেচ্ছায় রক্ত দান করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডক্টর মানিক সাহা। এছাড়া, শিবিরে উপস্থিত ছিলেন বরিষ্ঠ সাংবাদিক সুবল কুমার দে, মন্দির পরিচালন কমিটির সম্পাদক স্বপন কুমার বনিক সহ অন্যান্যরা।

এদিকে, প্রজাপিতা ব্রহ্মাকুমারি ঈশ্বরিয় বিশ্ববিদ্যালয়ের আগরতলার উদ্যোগে আজ আড়ালিয়ার প্রতিষ্ঠানের জ্ঞানোদয় ভবনে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডক্টর মানিক সাহা, যুব বিষয়ক ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় প্রমুখ।

********************

**State Chess:**

রাজ্যভিত্তিক মহিলা দাবা প্রতিযোগিতায় সেরা নির্বাচিত হলো আন্তর্জাতিক দাবাড়ু তথা উত্তরপূর্বের একমাত্র কেন্ডিডেট মাস্টার আর্শিয়া দাস। এছাড়া অনূর্ধ্ব ৭ বছরের ছেলেদের বিভাগে সেরা হয় দেবরাজ ভট্টাচার্য। দুদিন ব্যাপী রাজ্য সিনিয়র মহিলা এবং অনূর্ধ্ব-৭ বছরের দাবা প্রতিযোগিতায়

আজ শেষ হয়েছে। এন এস আর সি সি-র দাবা হলঘরে অনুষ্ঠিত আসরে সিনিয়র মহিলা বিভাগে চতুর্থ তথা শেষ রাউন্ডে আর্শিয়া জয়লাভ করে এবং ৪ রাউন্ডে পুরো ৪ পয়েন্ট পেয়ে অপরাজিত চ্যাম্পিয়ন হয়। ৩ পয়েন্ট পেয়ে ভোকলসে আরাধ্যা দাস দ্বিতীয় এবং একান্তিকা সরকার তৃতীয় স্থান দখল করে। ২ পয়েন্ট করে চতুর্থ স্থান দখল করে সঙ্গিতা সাহা। প্রথম ৪ স্থানাধিকারী দাবাড়ু জাতীয় আসরে খেলার যোগ্যতা অর্জন করে নেয়। এদিকে, অনূর্ধ্ব-৭ বছরের ছেলেদের বিভাগে ৪টি ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে দেবরাজ ভট্টাচার্য শীর্ষ স্থান দখল করে। ৩ পয়েন্ট নিয়ে ভোকলসে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ স্থান দখল করে প্রবজ্যোত ভট্টাচার্য, দীপ্তনীল দেব এবং শঙ্গদীপ পাল। অনূর্ধ্ব-৭ আসরে দুটি বিভাগে প্রথম ২ স্থানাধিকারী দাবাড়ু জাতীয় আসরে খেলার যোগ্যতা অর্জন করেছে।

********************

**Senior Cricket Belonia:**

বিলোনিয়া মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা  সিনিয়র ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়ান হল ওরিয়েন্টাল ক্লাব। আজ বিদ্যাপীঠ মাঠে আসরের ফাইনাল ম্যাচে দক্ষিণ বিলোনিয়া প্লে সেন্টারকে ৯ উইকেট হারিয়ে আসরের চ্যাম্পিয়ান হয় ওরিয়েন্টাল ক্লাব। ফাইনাল ম্যাচে বিজয়ী দলের হাতে চ্যাম্পিয়ান ট্রফি ও রানার্স ট্রফি তুলে দেন আসামের প্রাক্তন বিধায়ক শিলাদিত্য দেব, প্রাক্তন বিধায়ক সুবল ভৌমিক প্রমুখ।

********************

**Inter School Cricket:**

সদরের আন্ত: স্কুল ক্রিকেট প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত তিনটি খেলায় ড. বি আর আম্বেদকর স্কুল, নন্দননগর স্কুল ও হেনরি ডিরোজিও স্কুল জয়লাভ করেছে। নরসিংগড় পঞ্চায়েত মাঠে অনুষ্ঠিত সকালের খেলায় ড. বি আর আম্বেদকর স্কুল ৪৮ রানে ডুকলী মধুবন স্কুলকে এবং একই মাঠে দুপুরের খেলায় নন্দননগর স্কুল ১০২ রানে মহাত্মা গান্ধী মেমোরিয়াল স্কুলকে পরাজিত করে। এদিকে, তালতলা মাঠে অপর খেলায় হেনরি

ডিরোজিও স্কুল ৮৪ রানে ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুলকে হারিয়ে দেয়।

*******************

**Senior Cricket -Santirbazar:**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা  সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চ্যালেঞ্জার ট্রফির আজকের ম্যাচ  ইয়ারুং ওয়েলফেয়ার সোসাইটিকে ৩ উইকেটে হারাল রেক্স ক্লাব। বাইখোড়া মাঠে টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে ইয়ারুং ওয়েলফেয়ার সোসাইটি ৩০.৪  ওভারে ১৮১ রানে সবাই আউট হয়ে যায়। জবাবে খেলতে নেমে বিজয়ী দল রেক্স ক্লাব  ৩২.৫  ওভারে ৭ উইকেট হারিয়ে জয়ের জন্যে প্রয়োজনীয় রান তুলে নেয়। বিজয়ী দলের অমল রিয়াং দেববর্মা সবোর্চ্চ  ৫৪ রান করেন।

*******************

**N.D.R.F-Unakoti:**

আসন্ন বর্ষা মরশুমকে সামনে রেখে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী বা N.D.R.F এর একটি টিম চলতি মে মাসেই ঊনকোটি জেলাতে আসছে। জেলা প্রশাসনের বিপর্যয় মোকাবিলা বিভাগের উপ-সমাহর্তা সুরজ দেববর্মা জানান, 25 জনের টিম আগামী অক্টোবর মাস পর্যন্ত জেলায় অবস্থান করবে।

অবস্থানকালে তারা বিপর্যয় মোকাবিলা বিষয়ে জনগণকে করণীয় বিষয়ে সচেতনতামূলক প্রচারাভিযানে অংশ নেবে। পাশাপাশি সম্ভাব্য বিপর্যয়ে নাগরিকদের সহযোগিতা করবে।

*******************

**Weather:**

আবহাওয়ার পরবর্তী ২৪ ঘন্টার পূর্বাভাসে জানানো হয় আকাশ অংশত মেঘলা থাকবে। কোনোও কোনোও এলাকায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। রাজ্যের কোনোও কোনোও জেলায়

বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে বলে সতর্কবার্তা দেওয়া হয়েছে। আগরতলায় তাপমাত্রা থাকবে সর্বনিম্ন ২৪ থেকে সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.৬ ডিগ্রি, দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.২ ডিগ্রি সেলসিয়াস।

********************

********************